মুজিব শতবর্ষ MUJIB 100

মুজিববর্ষের অঙ্গীকার,
উন্নয়ন-অর্থায়নের উৎস
হবে পুঁজিবাজার

ISSN 2227-9776

সি এস ই
বাজার পরিক্রমা

জুলাই ২০২০

CHITTAGONG STOCK EXCHANGE

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

বোর্ড অব ডাইরেক্টরস্

আসিফ ইব্রাহিম	চেয়ারম্যান
অধ্যাপক এস. এম. সালামত উল্লাহ ভূঁইয়া	ডাইরেক্টর
মোহাম্মদ আবদুল মালেক	ডাইরেক্টর
এস. এম. আবু তৈয়ব	ডাইরেক্টর
সোহেল মোহাম্মদ শাকুর	ডাইরেক্টর
মোঃ লিয়াকত হোসেন চৌধুরী, এফসিএ, এফসিএমএ	ডাইরেক্টর
ব্যারিষ্টার আনিতা গাজী ইসলাম	ডাইরেক্টর
মীর্জা সালমান ইস্পাহানী	ডাইরেক্টর
মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম	ডাইরেক্টর
শাহজাদা মাহমুদ চৌধুরী	ডাইরেক্টর
মোঃ ছায়েদুর রহমান	ডাইরেক্টর
মামুন-উর-রশিদ	ব্যবস্থাপনা পরিচালক পদাধিকার বলে ডাইরেক্টর

প্রাক্তন প্রেসিডেন্ট/চেয়ারম্যানবৃন্দ

আমির খসরু মাহমুদ চৌধুরী	০১.০৪.১৯৯৫ থেকে ২৪.১২.২০০১
মীর্জা সালমান ইস্পাহানী	২৫.১২.২০০১ থেকে ১৮.১১.২০০৩
হাবিবুল্লাহ খান	১৯.১১.২০০৩ থেকে ১৪.১২.২০০৫
এমকেএম মহিউদ্দিন	১৫.১২.২০০৫ থেকে ১৫.১১.২০০৭
নাসিরউদ্দিন আহমেদ চৌধুরী	১৬.১১.২০০৭ থেকে ০৮.১১.২০০৯
ফখর উদ্দিন আলী আহমেদ	০৮.১১.২০০৯ থেকে ০১.১২.২০১১
আল-মারুফ খান এফ.সি.এ.	০২.১২.২০১১ থেকে ১৫.০২.২০১৪
ড. মোহাম্মদ আবদুল মজিদ	১৫.০২.২০১৪ থেকে ১২.০২.২০১৭
ড. এ. কে. আবদুল মোমেন	১৩.০২.২০১৭ থেকে ০৮.০১.২০১৯
মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী এনডব্লিউসি, পিএসসি (অবঃ)	৩১.০৩.২০১৯ থেকে ২৪.০২.২০২০

এডিটোরিয়াল প্যানেল

মামুন-উর-রশিদ
ম্যানেজিং ডিরেক্টর

খালেদ হামিদী
ম্যানেজার, হেড অফ পাবলিকেশন

মাসুদা বেগম
ডেপুটি ম্যানেজার

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

কর্পোরেট অফিস :
১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd
www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :
ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়, জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সিএসই বাজার পরিক্রমায় পরিসংখ্যান হিসেবে উপাত্তগুলো উপস্থাপনের ক্ষেত্রে যথাসাধ্য সাবধানতা অবলম্বর করা হয়েছে, যাতে উপাত্তগুলো নির্ভুলভাবে পরিবেশিত হয়। প্রকাশিত এসব তথ্য ও উপাত্তের ভিত্তিতে কেউ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়ে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সম্পাদকীয়

মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল বিগত ১১ জুন মহান জাতীয় সংসদে আগামী ২০২০-২০২১ অর্থবছরের বাজেট ঘোষণা করেন। বিশ্ব মহামারি কোভিড-১৯ নভেল করোনা ভাইরাসের এই ক্রান্তিকালে দাঁড়িয়ে দেশের অর্থনৈতিক উত্তরণ ও ভবিষ্যৎ পথ পরিক্রমা শিরোনামে যে বাজেট অর্থমন্ত্রী মহোদয় অত্যন্ত প্রজ্ঞার সাথে উপস্থাপন করেন তার জন্যে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ তাঁকে আন্তরিক ধন্যবাদ জানায়।

এই বাজেট জনজীবন সুরক্ষা, কর্মসংস্থান বৃদ্ধি, শিল্প, ব্যবসাবাণিজ্য ও অর্থনৈতিক চাকা সচল করবে বলে সিএসই আশা করছে। সার্বিক পুঁজিবাজারের উন্নয়নে অনেকগুলো বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয় এই বাজেটে। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্ব এবং সুদ পরিচালনায় কোভিড-১৯ এর ভয়াবহতা কাটিয়ে পুঁজিবাজারের উন্নয়ন ও গতিশীলতা বৃদ্ধি পাবে বলে সিএসই আশা করে। বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তর করার যে রূপকল্প সরকারের রয়েছে তাতে ব্যাপকভাবে বেসরকারী পুঁজি সঞ্চালন প্রয়োজন। আর এ লক্ষ্য পূরণের জন্যে পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে সিএসই দৃঢ়ভাবে বিশ্বাস করে । শুধুমাত্র ব্যাংক ঋণ নির্ভর বেসরকারি বিনিয়োগ এবং পুঁজি সঞ্চালন একদিকে যেমন ব্যাংক ব্যবস্থার দুর্বলতা তৈরি করে অন্যদিকে পুঁজিবাজারের বিকাশেও সৃষ্টি করে প্রতিবন্ধকতা। এই পরিপ্রেক্ষিতে পুঁজিবাজারের টেকসই উন্নয়ন এবং গুণগত সম্প্রসারণের জন্যে ব্যাপক কৌশল প্রণয়ন করা প্রয়োজন। এই প্রক্রিয়ার অংশ হিসেবে সিএসই অনেকগুলো প্রস্তাবনা জাতীয় রাজস্ব বোর্ডের নিকট উপস্থাপন করে। সিএসই এর প্রস্তাবনার বিষয়গুলো পুনর্বিবেচনার জন্যে বাজেট-উত্তর সংবাদ সম্মেলনে মাননীয় অর্থমন্ত্রীকে বিনীত অনুরোধ জানায়।

২০২০-২০২১ অর্থবছরের জন্যে প্রস্তাবিত বাজেটে তালিকাভুক্ত এবং অ-তালিকাভুক্ত কোম্পানির মধ্যকার কর ব্যবধান বিদ্যমান ১০ শতাংশ থেকে কমিয়ে সাড়ে ৭ শতাংশ নির্ধারণের প্রস্তাব করা হয়। এ ব্যবধান কমানোর কারণে ভবিষ্যতে পুঁজিবাজারে তালিকাভুক্তির ক্ষেত্রে কোম্পানিগুলো আরো নিরুৎসাহিত হবে বলে সিএসই মনে করে। তাই অ-তালিকাভুক্ত কোম্পানির পাশাপাশি তালিকাভুক্ত কোম্পানির কর হার ২৫% থেকে কমিয়ে ২০% করার জন্য অনুরোধ জানায় সিএসই। এতে ভালো কোম্পানিসমূহ পুঁজিবাজারে তালিকাভুক্ত হতে উৎসাহিত হবে।

বাজেটে অর্থমন্ত্রী মহোদয় পুঁজিবাজারে অপ্রদর্শিত অর্থ বিনিয়োগের সুযোগ দেয়ার কথা বলেন। এ বছরের ১ জুলাই থেকে আগামী বছরের ৩০ জুন পর্যন্ত ব্যক্তিশ্রেণীর করদাতাগণ পুঁজিবাজারে অপ্রদর্শিত অর্থ বিনিয়োগের সুযোগ পাবেন। ব্যক্তি শ্রেণীর করদাতা বিনিয়োগকারীদের জন্যে এটি নিঃসন্দেহে একটি ইতিবাচক পদক্ষেপ। তবে নূন্যতম তিন বছরের মধ্যে বিনিয়োগ প্রত্যাহার না করার শর্তটি তুলে দেয়ার জন্যে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে সিএসই যা ব্যক্তি শ্রেণীর করদাতাদেরকে পুঁজিবাজারে বিনিয়োগে আরো উৎসাহিত করবে। সিএসইর এই দাবির প্রতি সম্মান প্রদর্শন করে ন্যূনতম তিন বৎসরের স্থলে ১ (এক) বৎসর করা হয়েছে। এ জন্যে সিএসই মাননীয় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছে।

নতুন তালিকাভুক্ত কোম্পানিসমূহের আয় তিন বছর করমুক্ত রাখা হলে অ-তালিকাভুক্ত কোম্পানিগুলো তালিকাভুক্ত হতে উৎসাহিত হবে। এতে পুঁজিবাজারে গুণগত মানসম্পন্ন শেয়ারের যোগান বাড়বে যা বাজারে লেনদেন বৃদ্ধিকরণ ও স্থিতিশীলতা আনয়নে ভূমিকা পালন করবে ।

তাছাড়া, স্টক ব্রোকারদের উৎসে কর কর্তনের হার পুনঃনির্ধারনের জন্য অনুরোধ সত্ত্বেও এই হার পূর্ববর্তী ০.০৫% বহাল রাখা হয়। অধিকাংশ ব্রোকারেজ হাউজ বর্তমানে লোকসানী প্রতিষ্ঠানে পরিবর্তিত। বিদ্যমান পরিস্থিতিতে স্টক ব্রোকারদের উৎসে কর কর্তনের হার ২০০৬ সালে চালুকৃত হারে অর্থাৎ ০.০১৫%-এ পুনঃনির্ধারণের জন্যে বিশেষভাবে অনুরোধ জানায় সিএসই। এদিকে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের মধ্যে বিনিয়োগে আগ্রহ সৃষ্টি করার লক্ষ্যে বর্তমানে মূলধনী লাভের উপর কর হার ১০% থেকে কমিয়ে ৭.৫০% নির্ধারণ করারও প্রস্তাব রাখে সিএসই।

মাইল ফলক

- ১২ ফেব্রুয়ারি ১৯৯৫ : বাংলাদেশ সরকারের অনুমোদন লাভ
- ১ এপ্রিল ১৯৯৫ : লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধন
- ১০ অক্টোবর ১৯৯৫ : ফ্লোর ট্রেডিংয়ের সূচনা
- ১ জানুয়ারি ১৯৯৬ : ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জস্ (প্রাক্তন এফআইবিভি)-এর করেসপন্ডিং সদস্য পদ লাভ
- ২ জুন ১৯৯৮ : স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতির সূচনা
- ১৬ জানুয়ারি ২০০০ : সাউথ এশিয়ান ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (সেফ) গঠন
- ২৬ জানুয়ারি ২০০৪ : সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল) গঠন
- ৩০ মে ২০০৪ : ইন্টারনেট ট্রেডিং সার্ভিস (আইটিএস) চালুকরণ
- ৪ জুলাই ২০০৪ : ওভার-দ্য-কাউন্টার মার্কেট-এর সূচনা
- ১৪ জুলাই ২০০৪ : আনুষ্ঠানিক প্রস্তাব উত্থাপনের মাধ্যমে সিএসইর সিকিউরিটিজ ইনস্টিটিউট প্রতিষ্ঠার ধারণা প্রকাশ
- ১৪ ডিসেম্বর ২০০৫ : বাংলাদেশে প্রথমবারের মতো পুঁজিবাজার মেলা অনুষ্ঠান
- ১০ মার্চ ২০০৭ : দেশে প্রথমবারের মতো পুঁজিবাজার প্রশিক্ষণ কর্মসূচি (কমপ্রিহেনসিভ ট্রেনিং প্রোগ্রাম)-র সূচনা
- ১২ জুন ২০০৭ : সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কাছে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস্ বিষয়ক রেগুলেটরি ফ্রেমওয়ার্ক-এর খসড়া পেশ
- ১৮ অক্টোবর ২০০৮ : সিএসইর ওআইসি মেম্বার স্টেস্ স্টক এক্সচেঞ্জ ফোরামের সদস্য পদ লাভ
- ২২ ফেব্রুয়রি ২০১০ : বুক বিল্ডিং মেথড চালুকরণ, ওশেন কন্টেইনার্স লিঃ-এর আইপিও প্রাইস ডিসকভারির জন্য
- ২৮ নভেম্বর ২০১০ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) -এর জন্যে সিএসইর মিলেনিয়াম আইটি সফটওয়্যার লিঃ ও পোলারিস সফটওয়্যার ল্যাব লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর
- ১৩ জানুয়ারি ২০১১: বিধিমালার অধীনে শর্ট সেইলের লেনদেন সম্পাদন
- ২৬ সেপ্টেম্বর ২০১১ : বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে, বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো, অরিজিনেটর হিসেবে, সিএসইর ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার চালুকরণ
- ২০ অক্টোবর ২০১১ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) এবং নতুন ওয়েবসাইট চালুকরণ
- ২২ জুলাই ২০১২ : সিএসইর ডিজাসটার রিকভারি সিস্টেম (ডিআরএস) চালুকরণ
- ২৮ অক্টোবর ২০১৩ : সিএসই ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (ডব্লিউএফই)-এর করেসপন্ডেন্ট মেম্বার থেকে এফিলিয়েট মেম্বারে উন্নীত হয়।
- ৩ নভেম্বর ২০১৩ : সিএসইতে লেনদেন নিষ্পত্তির সময়সীমা টি+৩ থেকে টি+২ করা হয়।
- ২১ নভেম্বর ২০১৩ : ডিমিউচুয়ালাইজড এক্সচেঞ্জ হিসেবে সিএসইর আত্মপ্রকাশ।
- ১৫ ফেব্রুয়ারি ২০১৪ : ডিমিচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ হিসেবে সিএসইর ১ম বোর্ড মিটিং অনুষ্ঠিত।
- ১২ অক্টোবর ২০১৪ : সিএসইর সিএসই শরিয়াহ্ ইনডেক্স ও সিএসই-৫০ বেঞ্চমার্ক ইনডেক্স চালুকরণ।
- ২২-২৩ অক্টোবর ২০১৪ : বাংলাদেশে প্রথমবারের মতো সিএসই ইন্টারনেট ট্রেড ফেয়ার অনুষ্ঠিত।
- ৩১ জানুয়ারি ২০১৭ : সিএসইর, জাতিসংঘের সাস্টেইনেবল স্টক এক্সচেঞ্জেস ইনিশিয়েটিভ-এর পার্টনার এক্সচেঞ্জ হয়ে ওঠা।

কম্প্লেইন সেল:

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশক্রমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চট্টগ্রাম, ঢাকা ও সিলেট অফিসে কমপ্লেইন সেল খোলা হয়েছে। এই অভিযোগ কেন্দ্রের মাধ্যমে বিনিয়োগকারীগণ এখন থেকে ইস্যুয়ার বা তালিকাভুক্ত কোম্পানীর বিরুদ্ধে কোনেঅভিযোগ থাকলে তা সরাসরি জানাতে পারবেন। কমপ্লেইন সেল-এর সাথে সাথে সিএসইর ইনভেস্টরস্ ইনফরমেশন সেল (আইআইসি)- ও সক্রিয়রয়েছে। বিস্তারিত জানার জন্যে যোগাযোগ করুন:

কর্পোরেট অফিস :

১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd; www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :

ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়,
জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সূচি পত্র

জাতীয় অর্থনৈতিক নির্দেশক ০৫
আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ ও কমোডিটি এক্সচেঞ্জ ০৬

অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অর্থায়নে পুঁজিবাজারের ভূমিকা
ড. ইমন কল্যাণ চৌধুরী ০৭
অর্থনৈতিক সংবাদ ১১
এক্সচেঞ্জ সংবাদ ১৩
কর্পোরেট সংবাদ ১৮
বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি ২১

সিএসই বাজার পরিসংখ্যান
এক নজরে বার্ষিক বাজার পরিসংখ্যান ও সিএসই বিলবোর্ড : জুন ২০২০ ৩১
সিএসই বাজার, মূল্যসূচক, বাজার মূলধন ও পরিশোধিত মূলধনের বার্ষিক গতিপ্রকৃতি : জুন ২০২০ ৩২
সিএসই খাত ভিত্তিক বাজার নির্দেশক ও সিএসই বাজার গতিপ্রকৃতি : জুন ২০২০ ৩৩
রাইটস শেয়ার ও খাতভিত্তিক পরিসংখ্যান : জুন ২০২০ ৩৪
সেক্টোরাল ইনডেক্স : ফেব্রুয়ারি ২০২০ ও দৈনিক সিএসই সূচক, বাজার মূলধন ও লেনদেন : জুন ২০২০ ৩৫
সিএসই সূচক, বাজার মূলধন ও বাজার মূলধনের মাসিক গতিপ্রকৃতি : জুন ২০২০ ৩৬
সিএসই-৩০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জুন ২০২০ ৩৭
সিএসই-৫০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জুন ২০২০ ৩৮
সিএসই শরিয়াহ্ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : জুন ২০২০ ৩৯
লেনদেনে শীর্ষ খাত : জুন ২০২০ ও দৈনিক গড় লেনদেন শীর্ষ ২০ সিকিউরিটিজ : জুন ২০২০ ৪৩
সপ্তাহ ভিত্তিক বাজার প্রবণতা : জুন ২০২০ ৪৪
শীর্ষ ২০ সক্রিয় ট্রেক হোল্ডারস্ : জুন ২০২০ ৪৫
ক্যাটাগরিভিত্তিক পরিশোধিত মূলধন, বাজার মূলধন : জুন ২০২০ ৪৬
বিনিয়োগ খাত, মূল্য-এনএভি অনুপাত : জুন ২০২০ ৪৭
বিনিয়োগ খাতের গতিপ্রকৃতি : জুন ২০২০ ৪৮
দৈনিক মূল্যবৃদ্ধিপ্রাপ্ত ও মূল্যহ্রাসপ্রাপ্ত কোম্পানি : জুন ২০২০ ৪৯
দৈনিক লেনদেনের বিবরণী ও গতিপ্রকৃতি : জুন ২০২০ ৫০
দর বৃদ্ধিতে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জুন ২০২০ ৫১
দর হ্রাসে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জুন ২০২০ ৫২
সর্বনিম্ন পিই অনুপাত, সর্বোচ্চ শেয়ার প্রতি আয়, সর্বোচ্চ শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু ও সর্বোচ্চ ডিভিডেন্ড ঈল্ড : জুন ২০২০ ৫৩
বাজার মূলধনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জুন ২০২০ ৫৪
লেনদেনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : জুন ২০২০ ৫৫
ফিরে দেখা : জুন ২০২০ ৫৭
তালিকাভুক্ত সিকিউরিটিজের শেয়ার হোল্ডিং কম্পোজিশন ৫৮
তালিকাভুক্ত সিকিউরিটিজের অর্ধ-বার্ষিক ও ত্রৈমাসিক হিসাব ৬২
তালিকাভুক্ত সিকিউরিটিজের বাজার মূল্য : জুন ২০২০ ৭১
তালিকাভুক্ত সিকিউরিটিজের পরিসংখ্যান ৮০
সিএসএ ওভার দ্য কাউন্টারভুক্ত সিকিউরিটিসমূহ ৮৯

Economic Outlook

02 July 2020

1.		30 June 2019	30 June, 2019[R]	31 May 2020	30 June 2020	
	Foreign Exchange Reserve (In million US$)	32716.51	32716.51	33408.80	36016.76	
2.		30 June 2019	30 June, 2019	31 May 2020	30 June 2020	
	Interbank Taka-USD Exchange Rate (Average)	84.5000	84.5000	84.9500	84.8500	
3.	**Call Money Rate**	30 June 2019	30 June, 2019	31 May 2020	30 June 2020	
	Weighted Average Rate	4.54	4.54	5.03	5.02	
4.	**Broad/Overall Share Price Index**	30 June 2019	30 June, 2019	30 June 2020	Percentage change	
					From June, 2019	From June, 2018
	a) Dhaka Stock Exchange (DSE)[@]	5421.62	5421.62	3989.09	-26.42	0.30
	b) Chittagong Stock Exchange (CSE)	16634.21	16634.21	11332.59	-31.87	1.69
5.		June, 2019	FY19	June, 2020[P]	FY20[P]	FY 18-19
	a) **Wage Earners' Remittances** (In million US$)	1368.20	16419.63	1832.00	18204.38	16419.63
	b) Annual Percentage Change	-1.17	9.60	33.90	10.87	9.60
6.		May, 2019	July-May' FY19	May, 2020[P]	July-May' FY20[P]	FY 18-19
	a) **Import (C&F)** (In million US$)	5124.90	56034.00	3533.60	49977.00	59914.70
	b) Annual Percentage Change	-8.44	2.61	-31.05	-10.81	1.78
		May, 2019	July-May' FY19	May, 2020[P]	July-May' FY20[P]	FY 18-19
	a) **Import(f.o.b)** (In million US$)	4742.00	51847.00	3270.00	46244.00	55439.00
	b) Annual Percentage Change	-8.44	2.62	-31.04	-10.81	1.79
7.		May, 2019	July-May' FY19	May, 2020[P]	July-May' FY20[P]	FY 18-19
	a) **Export** (EPB) (In million US$)*	3813.37	37750.60	1465.30	30959.14	40535.04
	b) Annual Percentage Change	14.78	11.92	-61.57	-17.99	10.55
8.		July-May' FY19		July-May' FY20[P]	FY 18-19	
	Current Account Balance (In million US$)	-5154.0		-4374.0	-5254.0	
9.		April, 2019	July-Apr'FY19	April, 2020	July-Apr'FY20[P]	FY 2018-19
	a) **Tax Revenue** (NBR) (Tk. in crore)	19617.83	173066.51	8938.89	174964.74	223892.42
	b) Annual Percentage Change	9.40	7.41	-54.43	1.10	10.67
10.	**Investment in National Savings Certificates** (Tk. in crore)	April, 2019	July-Apr' FY19	April, 2020[P]	July-Apr' FY20[P]	FY 2018-19[P]
	a) Net sale	3741.28	43474.48	-621.78	10580.87	47946.38
	b) Total Outstanding	281241.00	281241.00	298286.87	298286.87	285712.9

11.		May, 2019	June, 2019	May, 2020[P]	Percentage change			
					May'20 over May'19	July-May'19-20	July-May'18-19	FY2018-19
	a) **Reserve Money** (RM) (Tk. in crore)	245672.20	246187.70	270238.50	10.00	9.77	5.10	5.32
	b) **Broad Money** (M2) (Tk. in crore)	1205157.60	1219611.40	1351631.00	12.15	10.82	8.57	9.88
12.	**Total Domestic Credit** (Tk. in crore)	1138408.60	1146884.70	1281927.10	12.61	11.77	11.43	12.26
	a) Net Credit to the Govt. Sector	113084.70	113273.40	162517.90	43.71	43.47	19.17	19.37
	b) Credit to the Other Public Sector	24405.70	23355.60	29851.60	22.31	27.81	27.11	21.64
	c) Credit to the Private Sector	1000918.20	1010255.70	1089557.60	8.86	7.85	10.29	11.32

13.		July-March 2019		July-March 2020		Percentage change		
						July-March, 2020		FY 2018-19
	L/C Opening and Settlement (million US$)	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Settlement
	a) Consumer Goods	4435.72	3934.10	4904.48	4423.43	10.57	12.44	-51.75
	b) Capital Machinery	4405.71	3384.86	4078.33	3572.90	-7.43	5.56	-9.43
	c) Petroleum	2911.35	2867.59	3717.39	3281.69	27.69	14.44	11.69
	d) Industrial Raw Materials	15701.49	14895.93	15724.94	14140.87	0.15	-5.07	4.61
	e) Others	16757.31	17609.96	16014.35	16166.04	-4.43	-8.20	17.98
	Total	**44211.58**	**42692.44**	**44439.49**	**41584.93**	**0.52**	**-2.59**	**6.03**

14.	**Rate of Inflation on the basis of Consumer Price Index for National (Base:2005-06=100)**	June, 2017	December, 2017	December, 2018	June, 2019	September, 2019	December, 2019	March, 2020	April, 2020	May, 2020
	a) Twelve Month Average Basis	5.44	5.70	5.55	5.48	5.49	5.59	5.60	5.63	5.61
	b) Point to Point Basis	5.94	5.83	5.35	5.52	5.54	5.75	5.48	5.96	5.35
	Corresponding Period	June, 2016	December, 2016	December, 2017	June, 2018	September, 2018	December, 2018	March, 2019	April, 2019	May, 2019
	a) Twelve Month Average Basis	5.92	5.52	5.70	5.78	5.68	5.55	5.48	5.47	5.48
	b) Point to Point Basis	5.53	5.03	5.83	5.54	5.43	5.35	5.55	5.58	5.63
15.	**Classified Loan**	December, 2016	June, 2017	December, 2017	June, 2018	December, 2018	March, 2019	June, 2019	December, 2019	March, 2020
	a) Percentage Share of Classified Loan to Total Outstanding	9.23	10.13	9.31	10.41	10.30	11.87	11.69	9.32	9.03
	b) Percentage Share of Net Classified Loan	2.33	2.62	2.20	2.66	2.18	3.02	2.53	1.02	0.39
16.	**Agricultural and Non-farm Rural Credit (Tk. in crore)**	April '19	May'19	July-May'18-19	April,'20	May,'20	July-May'19-20[P]	FY 2018-19[P]	FY 2017-18	FY 2016-17
	a) Disbursement **	2261.51	1810.22	20335.72	496.63	1132.11	18550.60	23616.25	21393.55	20998.70
	b) Recovery	1916.02	1724.86	20655.13	767.09	561.55	18271.80	23734.32	21503.12	18841.16
	c) Outstanding	41360.56	41610.67	41610.67	43814.45	44219.73	44219.73	42974.29	40601.11	39047.57
17.	**SME Loan (Tk. in crore)**	Apr.-Jun.'17-18	July-Sep.'18-19	Oct-Dec.'18-19	Jan-Mar.'18-19	Apr-Jun.'18-19	July-Sep.'19-20[P]	Oct-Dec.'19-20[P]	2019	2018
	a) Disbursement	41128.11	36913.26	45071.65	37287.09	43154.88	39289.52	48649.61	167970.67	159510.09
	b) Outstanding	193515.33	182082.68	188245.47	197718.18	208150.75	205490.94	219293.97	219293.97	188245.47
18	**Industrial Term Loan (Tk. in crore)**	Apr.-Jun.'17-18	July-Sep.'18-19	Oct.-Dec.'18-19	Jan.-Mar.'18-19	Apr.-Jun.'18-19	July-Sep.'19-20	Oct-Dec.'19-20[P]	FY 2018-19[P]	FY 2017-18
	a) Disbursement	20141.42	19111.22	24256.13	15249.10	22233.63	21970.01	24207.24	80850.08	70768.17
	b) Recovery	19520.24	16378.13	17891.76	18670.22	23628.71	20785.68	22148.24	76568.81	70193.08
	c) Outstanding	202844.28	213486.38	220737.60	203793.29	243825.17	247338.00	259314.87	243825.17	202844.28
19.		2010-11	2011-12	2012-13	2013-14	2014 -15	2015 -16	2016 -17	2017-18	2018-19[R]
	GDP Growth Rate (in percent, **Base: 2005-06=100**)	6.46	6.52	6.01	6.06	6.55	7.11	7.28	7.86	8.15

Note: ** = About 76.90% of the target for Agricultural Credit disbursement has been achieved in first eleven months of the current fiscal year. P=Provisional. R=Revised

@= DSE has been publishing Broad Index instead of General Index from 1st August, 2013.

*Revised according to the revised definition (Primary Commodities+Manufactured Commodoties) of Commodity exports by EPB.

Source : Bangladesh Bank's website

আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ

Americas						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
INDU:IND DOW JONES INDUS. AVG	25,734.97	- 77.91	-0.30%	-0.03%	-3.93%	7/1/2020
SPX:IND S&P 500 INDEX	3,115.86	+15.57	+0.50%	+1.14%	+4.80%	7/1/2020
CCMP:IND NASDAQ COMPOSITE INDEX	10,154.63	+95.86	+0.95%	+5.69%	+25.23%	7/1/2020
NYA:IND NYSE COMPOSITE INDEX	11,901.55	+7.77	+0.07%	-1.20%	-9.51%	7/1/2020
SPTSX:IND S&P/TSX COMPOSITE INDEX	15,515.22	+125.50	+0.82%	+1.83%	-5.29%	6/30/2020

Europe, Middle East & Africa						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
SX5E:IND Euro Stoxx 50 Pr	3,290.37	+61.92	+1.92%	+4.16%	-6.35%	7/1/2020
UKX:IND FTSE 100 INDEX	6,217.70	+59.74	+0.97%	-0.04%	-17.75%	7/1/2020
DAX:IND DAX INDEX	12,51	+258.54	+2.11%	+4.14%	-0.21%	7/1/2020
CAC:IND CAC 40 INDEX	5,012.64	+85.70	+1.74%	+3.16%	-10.29%	7/1/2020
IBEX:IND IBEX 35 INDEX	7,415.60	+188.20	+2.60%	+0.10%	-20.33%	7/1/2020

Asia Pacific						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
NKY:IND NIKKEI 225	22,145.96	+24.23	+0.1 1%	-0.80%	+1.80%	7/1/2020
TPX:IND TOPIX INDEX (TOKYO)	1,542.76	+4.15	+0.27%	-2.83%	-2.96%	7/1/2020
HSI:IND HANG SENG INDEX	25,124.19	+697.00	+2.85%	+5.86%	-12.09%	7/1/2020
SHSZ300:IND CSI 300 INDEX	4,335.84	+88.06	+2.07%	+8.84%	+10.13%	7/1/2020
AS51:IND S&P/ASX 200 INDEX	6,032.71	+98.32	+1.66%	+3.39%	-9.33%	7/1/2020
MXAP:IND MSCI AC ASIA PACIFIC	157.86	-0.01	-0.01%	+1.98%	-2.69%	7/1/2020

Source: Bloomberg

কমোডিটি এক্সচেঞ্জ

Energy						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
CL1:COM WTI Crude Oil (Nymex)	USD/bbl.	40.06	+0.24	+0.60%	Aug 2020	7/1/2020
CO1:COM Brent Crude (ICE)	USD/bbl.	42.27	+0.24	+0.57%	Sep 2020	7/1/2020
XB1:COM RBOB Gasoline (Nymex)	USd/gal.	122.04	+0.35	+0.29%	Aug 2020	7/1/2020
NG1:COM Natural Gas (Nymex)	USD/MMBtu	1.71	+0.04	+2.45%	Aug 2020	7/1/2020
HO1:COM Heating Oil (Nymex)	USd/gal.	120.94	+0.98	+0.82%	Aug 2020	7/1/2020

Precious & Industrial Matters						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
GC1:COM Gold (Comex)	USD/t oz.	1,781.60	+1.70	+0.10%	Aug 2020	7/1/2020
XAUUSD:CUR Gold Spot	USD/t oz.	1,772.77	+2.68	+0.15%	N/A	7/1/2020
SI1:COM Silver (Comex)	USD/t oz.	18.17	0.05	0.26%	Sep 2020	7/1/2020
HG1:COM Copper (Comex)	USd/lb.	275.85	+2.45	+0.90%	Sep 2020	7/1/2020
XPTUSD:CUR Platinum Spot	USD/t oz.	824.67	+2.48	+0.30%	N/A	7/1/2020

Agriculture						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
C 1:COM Corn (CBOT)	USd/bu.	351.75	+1.25	+0.36%	Sep 2020	7/1/2020
W 1:COM Wheat (CBOT)	USd/bu.	497.00	-1.75	-0.35%	Sep 2020	7/1/2020
CC1:COM Cocoa (ICE)	USD/MT	2,184.00	+15.00	69%	Sep 2020	7/1/2020
CT1:COM Cotton #2 (ICE)	USd/lb.	62.73	0.03	0.05%	Dec 2020	7/1/2020
LC1:COM Live Cattle (CME)	USd/lb.	97.30	+1.02	+1.06%	Aug 2020	7/1/2020

Source: Bloomberg

অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অর্থায়নে পূজিবাজারের ভূমিকা

ড. ইমন কল্যাণ চৌধুরী

সূচনা

আমরা যদি বাংলাদেশের রাস্তাঘাট, সেতু, স্বাস্থ্য, যোগাযোগ, পানি, বিদ্যুত, গ্যাস সহ বিভিন্ন খাতের দিকে তাকাই, তাহলে দেখব, এসব খাতে ব্যাপক উন্নয়নের সুযোগ আছে। একটা দেশের অবকাঠামোগত উন্নয়ন সে দেশের অর্থনৈতিক উন্নয়নকে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বহুগুণ বাড়িয়ে দিতে সাহায্য করে। আমাদের দেশের সরকারের আয়ের প্রধান উৎস হলো বিভিন্ন শ্রেণির কর। এই কর আবার এমন সব উৎস থেকে আসে, যাদের বেশির ভাগই কর প্রদান করে না। এছাড়া, অন্যান্য উৎসে, কর প্রদানে যথেষ্ট দুর্নীতি সহ ফাঁকি দেয়ার প্রবণতা পরিলক্ষিত হয়। এতে করে সরকার কাক্ষিত পরিমাণ আয়কর এবং অন্যান্য কর থেকে বঞ্চিত হয়। কেবলমাত্র করের উপর নির্ভর করে একটা দেশের সরকারের পক্ষে বিশাল অবকাঠামো উন্নয়নের অর্থ যোগান দেয়া রীতিমত অসম্ভব ব্যাপার। আবার, যে পরিমাণ বরাদ্দ হয়, তাও বিভিন্ন দুর্নীতির কারনে সঠিক ভাবে বাস্তবায়িত হয় না। অবকাঠামো উন্নয়নের এই বিশাল বরাদ্দ সরকার চাইলে পুজিবাজারের সাহায্য সহজে অর্থায়ন করতে পারে।

সরকারের আয় ও বিনিয়োগ চিত্র

বিভিন্ন দেশের সরকার কেবল করের উপর নির্ভর না করে নানবিধ উৎস হতে আয় করে থাকে। যেমন, মালয়েশিয়া সরকার তাদের কর উৎস ছাড়াও, বিভিন্ন প্রকার ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক, ব্যবসায়িক লাইসেন্স প্রদান, নবায়ন, জনগণের কাছে বিভিন্ন প্রকার পণ্য ও সেবা বিক্রি, জমি, দালান, গাড়ি, কলকব্জা ইত্যাদির ভাড়া, বহুবিধ বিনিয়োগ হতে সুদ, দেশি-বিদেশি উৎস হতে দান, সরকারি-বেসরকারি বিভিন্ন দ্বৈত-প্রকল্প হতে মুনাফা সহ আরো নানাবিধ আয়ের ব্যবস্থা করে রেখেছে। (১)। আমাদের দেশেও চাইলে এধরনের খাত থেকে সরকার রাজস্ব আয়ের বন্দোবস্ত করতে পারে। ২০২০-২১ অর্থবছরের পরিচলন ও উন্নয়ন বাজেটে কর বহির্ভূত অন্যান্য উৎস হতে আয় ধরা হয়েছে কেবলমাত্র ১.৬ শতাংশ। যা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল।



সুত্রঃ অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার।

সরকার পূর্বে বেশ কয়েকটি প্রকল্পে শতভাগ ইকুইটি অর্থায়ন করেছিল যা পাকিস্তান সরকারের আমল থেকে উত্তরাধিকার সুত্রে পাওয়া । এসব প্রকল্পের মূল দায়িত্তে ছিল বিভিন্ন সরকারি আমলারা। এবং পরিচলন মূলধন নেয়া হয়েছিল বিভিন্ন ব্যাংক থেকে ঋণ করে। পরবর্তীতে যখন বেসরকারি সংস্থা একই প্রকল্পে অংশগ্রহণ করতে শুরু করে, সরকারি প্রকল্প গুলো ক্রমশ লোকসানে পতিথ হয় এবং লভ্যাংশ দেয়া তো দূরে থাক, পরিচলন খরচটাও তুলে আনতে ব্যর্থ হয় (২)।

সরকার, এই তিক্ত অভিজ্ঞতার কারনে পরবর্তীতে অনেক আকর্ষণীয় ও লাভজনক প্রকল্পে আর বিনিয়োগ করেনি। পৃথিবীর বিভিন্ন দেশে বহুজাতিক কোম্পানিগুলো সেদেশে বিনিয়োগ করতে গেলে কেন্দ্রীয় বা স্থানীয় সরকারকে অংশীদার করে এবং এতে করে সরকার ও প্রতিষ্ঠান উভয়ই লাভবান হয়, কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, আমাদের দেশে বিদেশি প্রতিষ্ঠান গুলো কেবল নিজেরাই সফলভাবে ব্যবসা করে যাচ্ছে এবং সরকার বিনিময়ে কিছু কর এবং ফি পাচ্ছে। উদাহরণ হিসেবে বেসরকারি মোবাইল কোম্পানিগুলোর কথা বলা যেতে পারে। তারা বেশ ব্যবসা সফল হলেও সরকার বিনিময়ে কিছু লাইসেন্স ফি, মূসক, সিম বিক্রি কমিশন এবং তরঙ্গ বিক্রি লব্ধ টাকা ছাড়া মুনাফার ভাগীদার হতে পারেনি।

বাংলাদেশে যদিও প্রতি বছর বিভিন্ন বিদেশি বিনিয়োগ আসে, সরকার এদের সাথে একাত্ম হয়ে ব্যবসায়ে অংশগ্রহন করে না। অথচ, পৃথিবীর অন্যান্য দেশে বিদেশি প্রতিষ্ঠানগুলো সে দেশের সরকারকে অংশীদার

করেই ব্যবসা করার সুযোগ পায়। অতএব, দেশি-বিদেশি বিভিন্ন লাভজনক ও সম্ভাবনাময় খাতে অংশীদার হয়ে সরকার করের পাশাপাশি অন্যান্য উৎস হতে রাজস্ব বাড়ানোর চেষ্টা করতে পারে।

পুঁজি বাজারের ভূমিকা

পৃথিবীর বিভিন্ন দেশে তাদের বৃহৎ প্রকল্পগুলো বাস্তবায়নে পুঁজি বাজার অর্থ যোগানের ক্ষেত্র হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে। গতানুগতিক অর্থের উৎসগুলো যেমন বাণিজ্যিক এবং বিনিয়োগ ব্যাংক, সরকার, দাতা গোস্টি, উন্নয়ন প্রতিনিধি, ও বিশ্বব্যাংকের সাথে পুঁজি বাজারও একটি অনন্য সংযোজন হতে পারে। তবে এই ধরনের বৃহৎ প্রকল্পে অর্থ সরবরাহকারী হওয়ার জন্য যে ধরনের প্রস্তুতি দরকার তা এখনো দেশের ব্যাংক এবং পুঁজি বাজার নিশ্চিত করতে পারেনি। আমাদের দেশের পুঁজি বাজার এখনো ক্ষুদ্র বিনিয়োগকারী কেন্দ্রিক। সাধারনত একটা বৃহৎ প্রকল্পের গড় ব্যয় হয়ে থাকে কয়েক হাজার বিলিয়ন টাকা, যেখানে আমাদের দেশের পুঁজি বাজারের মোট বাজার মূলধন হলো ২৪৮০ কোটি টাকা মাত্র (৩) । তাই দেশের পুঁজি বাজারের সক্ষমতা বাড়ানোর যথেষ্ট সুযোগ রয়েছে।

সাধারনত অবকাঠামো উন্নয়ন প্রকল্পে যেমন প্রচুর বিনিয়োগ লাগে তেমনি মুনাফা উঠে আসতেও বেশ সময় লাগে। আমাদের দেশের বিনিয়োগকারীরা সাধারণত স্বল্প সময়ের জন্য বিনিয়োগ করতে স্বাচ্ছন্দ্য বোধ করে এবং অতি দ্রুত মুনাফা পেতে চায়। বিনিয়োগকারীর এই মানসিকতারও একটা আমূল পরিবর্তন দরকার। যেহেতু দীর্ঘ সময় বিনিয়োগ মানসিকতা নেই, প্রকল্পগুলোর অর্থায়নের জন্য বিদেশি সংস্থার মুখাপেক্ষী হওয়া ছাড়া আর কোন উপায় থাকেনা। ঋণ করা ছাড়াও এসব প্রকল্পে অর্থায়নের জন্য বিদেশি পুঁজি বাজারেরও সহায়তা নেয়া যেতে পারে। এক্ষেত্রে, বিদেশি বিনিয়োগকারীর আস্থা অর্জনের জন্য কোন বিশ্ব-সমাদৃত ক্রেডিট রেটিং প্রতিষ্ঠানকে দিয়ে প্রকল্প রেটিং করিয়ে নিলে ভালো সাড়া পাওয়া যেতে পারে। দেশীয় প্রকল্পগুলোতে সরকার এগিয়ে এসে প্রাথমিক কাজগুলো করে পরবর্তীতে পুঁজি বাজারে তালিকাভুক্ত করিয়ে নিয়ে সাধারণ জনগন থেকে অর্থায়নের ব্যবস্থা করতে পারে। সরকারের বিভিন্ন অবকাঠামো উন্নয়ন সংস্থা যেমন, সড়ক ও জনপথ বিভাগ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন সহ অন্যান্য সংস্থাগুলো তাদের স্ব-স্ব প্রকল্পের জন্য পুঁজি বাজারে তালিকাভুক্ত হয়ে অর্থায়নের ব্যবস্থা করতে পারে। যদিও এই প্রক্রিয়ায় যেতে গেলে কিছু বিধান পরিবর্তনের মত জটিল এবং সময় স্বাপেক্ষ ব্যাপার আছে, তবুও দীর্ঘমেয়াদি সুবিধার জন্য এই প্রক্রিয়া যত দ্রুত সম্ভব চলে যাওয়া উচিত বলে মনে করেন বিশেষজ্ঞ মহল (৪)। বিনিয়োগকারীর মেজাজ অনুযায়ী যথাযথ শেয়ার ইস্যু করা যেতে পারে। অগ্রাধিকার শেয়ার ইস্যুকারী প্রতিষ্ঠান এবং বিনিয়োগকারী উভয়ের জন্য আকর্ষণীয় উপায় হতে পারে। যেহেতু শুরুর দিকে প্রকল্পে লাভ হবে না, কোম্পানি মুনাফা নগদে না দিয়ে পুঞ্জিভুত করে রাখতে পারে। অন্যদিকে, বিনিয়োগকারীরা বিনিয়োগের শুরুর দিকে মুনাফা না পেলেও

তা ক্রমশ জমা হতে থাকে এবং কোম্পানি সক্ষমতা অর্জনের পর তা নগদে দিতে সমর্থ হয় বিধায়, তারাও নিশ্চিন্তে থাকতে পারে। এছাড়া ঋণপত্র ব্যবহারের মাধ্যমেও অর্থায়নের সুযোগ রয়েছে। যদিও বিবিধ কারনে দেশে ঋণপত্র এখনো তেমন জনপ্রিয়তা লাভ করেনি।

উপসংহার

বাংলাদেশের বিভিন্ন বৃহৎ প্রকল্পের অর্থের যোগানদাতা হিসেবে পুঁজি বাজার একটা গুরুত্তপূর্ণ ভূমিকা পালন করতে পারে। সরকার বিভিন্ন প্রকল্পকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রুপান্তর করে এবং পুঁজি বাজারে তালিকাভুক্ত করার মাধ্যমে অর্থসঙ্কটের সুন্দর সমাধান করতে পারে। এজন্য, দেশের পুঁজি বাজারে মানুষের আস্থা বাড়ানোয় জন্য সরকার, নিয়ন্ত্রক সংস্থা, কেন্দ্রীয় ব্যাংক, তালিকাভুক্ত কোম্পানি, এবং স্টক এক্সচেঞ্জ সহ অন্যন্য সকল প্রতিষ্ঠানকে নির্দিষ্ট উদ্দেশ্যকে সামনে রেখে যথাযথ সমন্বয়ের মাধ্যমে একযোগে কাজ করতে হবে। এক্ষেত্রে বিদেশি সফল দেশগুলোর পুঁজি বাজারকে রোল-মডেল হিসেবে ধরা যেতে পারে।

তথ্যসূত্র

১) ট্রেসারি বিভাগ, মালয়েশিয়া < http://www.treasury.gov.my/pdf/ekonomi/le/1516/jp6_2.pdf>

২) ফাইনান্সিয়াল এক্সপ্রেস, <https://thefinancialexpress.com.bd/views/mega-projects-opting-for-equity-financing-1525882398>

৩) চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ <https://www.cse.com.bd/market/historical_market>

৪) Infrastructure financing through domestic capital market in Bangladesh by Fahim Faisal, Infrastructure Investment Facilitation Center,and Syed Muntasir Ridwan, RACE Asset Management Company।

ড. ইমন কল্যাণ চৌধুরী
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান
হিসাব বিজ্ঞান বিভাগ
সি আই ইউ বিজনেস স্কুল
চিটাগং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি
চট্টগ্রাম।

অর্থনৈতিক সংবাদ

৩৫ বিলিয়ন ডলার ছাড়াল রিজার্ভ

করোনাভাইরাস সঙ্কটে রপ্তানি আয়ে ভাটার মধ্যেও প্রবাসীদের পাঠানো রেমিটেন্সের সঙ্গে আন্তর্জাতিক ঋণ সহায়তার অর্থ যোগ হওয়ায় বাংলাদেশের বিদেশি মুদ্রার সঞ্চয়ন প্রথমবারের মত ৩৫ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে।

সম্প্রতি বাংলাদেশের রিজার্ভ তিন হাজার ৫০০ কোটি ডলার ছাড়িয়ে যায়। প্রতি মাসের আমদানি ব্যয় বাবদ ৪ বিলিয়ন ডলার খরচ ধরলে এই রিজার্ভ দিয়ে প্রায় নয় মাসের আমদানি ব্যয় মেটানো সম্ভব। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী, একটি দেশের কাছে অন্তত তিন মাসের আমদানি ব্যয় মেটানোর সমপরিমাণ বিদেশি মুদ্রার মজুদ থাকতে হয়। কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তারা বলছেন, মহামারির মধ্যেও প্রবাসীরা দেশে পরিবারের জন্য টাকা পাঠানো অব্যাহত রেখেছেন। তার সঙ্গে কোভিড-১৯ মহামারি মোকাবেলায় আইএমএফের ৭৩ কোটি ২০ লাখ ডলারের জরুরি সহায়তার অর্থ যোগ হওয়ায় গত ৩ জুন বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের রিজার্ভ ৩৪ বিলিয়ন ডলার ছাড়ায়। তিন সপ্তাহের ব্যবধানে সেই রিজার্ভ আরও বেড়ে ৩৫ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করে। মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল মিডিয়াকে বলেন, 'করোনাভাইরাসের এই মহাসঙ্কটের সময় আমাদের রিজার্ভ অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গেছে, এটা খুবই ভালো খবর। রিজার্ভের এই উল্লম্ফন আমাদের সাহস জোগাচ্ছে; আমরা সাহসিকতার সঙ্গে কোভিড-১৯ মোকাবেলা করতে পারব বলে আশা করছি।'

আগামী বছর বাংলাদেশে ৭.৫% প্রবৃদ্ধির পূর্বাভাস দিচ্ছে এডিবি

করোনাভাইরাস সঙ্কটের মধ্যে চলতি বছর বাংলাদেশের মোট দেশজ উৎপাদনে ৪ দশমিক ৫ শতাংশ প্রবৃদ্ধি পেতে পারে এবং আগামী বছর তা বেড়ে ৭ দশমিক ৫ শতাংশ হতে পারে বলে মনে করছে এশীয় উন্নয়ন ব্যাংক-এডিবি।

এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুকে বলা হয়, ২০২১ সালে বাংলাদেশের অর্থনীতি ক্ষতি কাটিয়ে উঠতে পারে। বিশ্বজুড়ে করোনাভাইরাস মহামারি এবং বাংলাদেশে এর প্রকোপে চলতি অর্থবছরের শেষ প্রান্তিকে অর্থনৈতিক কর্মকাণ্ড যে দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়, এডিবির এ প্রতিবেদনেও তা উঠে আসে। ২০১৮-১৯ অর্থবছরে ৮ দশমিক ১৫ শতাংশ জিডিপি প্রবৃদ্ধি অর্জন করা বাংলাদেশ চলতি অর্থ বছরের জন্যও ৮ দশমিক ২ শতাংশ প্রবৃদ্ধির লক্ষ্য ধরেছিল। কিন্তু মহামারির মধ্যে দুই মাসের 'সাধারণ ছুটি' আর বিশ্ব বাজারের স্থবিরতায় তা বড় ধাক্কা খায়। মহামারিতে রপ্তানি আয় তলানিতে ঠেকায় চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্য সংশোধন করে ৫ দশমিক ২ শতাংশে নামিয়ে আনা হয়। তবে এডিবি চলতি বছরের ক্ষেত্রে আরও কিছুটা কম প্রাক্কলণ ধরে ৪ দশমিক ৫ শতাংশ প্রবৃদ্ধির আভাস দেয়। আর নতুন অর্থবছরের প্রথম দুই প্রান্তিকে ক্ষতি সামলে বাংলাদেশ ২০২১ সালে ৭ দশমিক ৫ শতাংশ জিডিপি প্রবৃদ্ধি পেতে পারে বলে প্রতিবেদনে প্রাক্কলণ করা হয়।

বিশ্ব ব্যাংকের সঙ্গে ২৫ কোটি ডলারের ঋণচুক্তি

বর্তমান বিনিময় হার অনুযায়ী বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ দুই হাজার ১২৫ কোটি টাকা। চুক্তির শর্ত অনুযায়ী পাঁচ বছরের রেয়াতকালসহ ৩০ বছরে দুই শতাংশ সুদে এই ঋণ পরিশোধ করতে হবে। ভার্চুয়াল এই চুক্তিতে বিশ্ব ব্যাংকের পক্ষে আবাসিক প্রতিনিধি মার্সি টেম্বন এবং সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব ফাতিমা ইয়াসমিন চুক্তিতে স্বাক্ষর করেন। ইআরডি'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, 'সেকেন্ড প্রোগ্রামেটিক জবস্ ডেভলপমেন্ট পলিসি ক্রেডিট' প্রকল্পের জন্য এই ঋণ দিচ্ছে বিশ্ব ব্যাংক। প্রকল্পটির মাধ্যমে করোনাভাইরাস মোকাবিলায় সরকারের স্বল্প-মেয়াদি

বিভিন্ন পদক্ষেপের সহায়তার জন্য সরকারের আর্থিক সংস্থানের পাশাপাশি অর্থনীতির পুনরুদ্ধার ও ভবিষ্যতের অভিঘাত মোকাবিলায় শ্রমজীবী ও দুর্বল জনগোষ্ঠীকে সহায়তা করা হবে। এই অর্থায়ন নারী, যুব জনগোষ্ঠী, অভিবাসী শ্রমিক এবং দুর্বল জনগোষ্ঠীর জন্য বাংলাদেশে বৃহৎ পরিসরে মানসম্পন্ন কর্মসংস্থান সৃষ্টি করবে। এটা বাণিজ্য ও বিনিয়োগ ব্যবস্থার আধুনিকায়নে প্রয়োজনীয় সংস্কারে সহায়তা করবে। এছাড়া সম্প্রসারিত একটি সামাজিক নিরাপত্তাবেষ্টনীর শক্তিশালী ব্যবস্থা নিশ্চিত করা এবং বিশেষত মহামারির সময় শ্রমিকদের ঝুঁকি কমানো এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। ইআরডি আরও জানায়, এছাড়াও দেশের কর্মক্ষম জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত মানসম্পন্ন কর্মসংস্থানের সুযোগ ও পরিবেশ তৈরিসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতায় সহায়ক কিছু নীতিকৌশল সংস্কার ও আধুনিকায়নের উদ্যোগ নেয়া হয়েছে।

১১ মাসে ১৬০৭ কোটি ডলারের বাণিজ্য ঘাটতি

করোনাভাইরাসের মহামারীর মধ্যে আমদানি-রপ্তানি যখন তলানিতে, অর্থবছরের ১১ মাসের হিসাবে পণ্য বাণিজ্যে সামগ্রিক ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে এক হাজার ৬০৬ কোটি ৯০ লাখ ডলার।

ঘাটতির এই পরিমাণ গত বছরের একই সময়ের চেয়ে ৭ দশমিক ২৮ শতাংশ বেশি; আর পুরো অর্থবছরের চেয়ে ৩ দশমিক ৭১ শতাংশ বেশি। বাংলাদেশ ব্যাংক সম্প্রতি ২০১৯-২০ অর্থবছরের জুলাই-মে সময়ের বৈদেশিক লেনদেনে চলতি হিসাবে ভারসাম্যের (ব্যালেন্স অফ পেমেন্ট) এই তথ্য প্রকাশ করে। তাতে দেখা যাচ্ছে, এই সময়ে বিভিন্ন পণ্য আমদানিতে (এফওবিভিত্তিক, ইপিজেডসহ) মোট চার হাজার ৬২৪ কোটি ৪০ লাখ ডলার ব্যয় করেছে বাংলাদেশ। আর রপ্তানি থেকে (এফওবিভিত্তিক, ইপিজেডসহ) আয় করেছে তিন হাজার ১৭ কোটি ৫০ লাখ ডলার। ২০১৮-১৯ অর্থবছরের জুলাই-মে সময়ে পণ্য বাণিজ্যে ঘাটতির পরিমাণ ছিল এক হাজার ৪৯৭ কোটি ৮০ লাখ ডলার। আর পুরো বছরে (জুলাই-জুন) ঘাটতি ছিল এক হাজার ৫৪৯ কোটি ৪০ লাখ ডলার। আমদানি কমায় বিদায়ী অর্থবছরের প্রথম তিন মাসে পণ্য বাণিজ্যে ঘাটতি ছিল আগের অর্থবছরের চেয়ে কম। কিন্তু রপ্তানি আয়ে ধসের কারণে এরপর থেকে ঘাটতি বাড়তে থাকে।

মার্চ মাস থেকে বাংলাদেশের অর্থনীতিতে করোনাভাইরাসের প্রভাব পড়তে শুরু করে। তখন রপ্তানির পাশাপাশি আমদানিও পাল্লা দিয়ে কমতে থাকে।

বিদেশি বিনিয়োগে মহামারীর ধাক্কা

করোনাভাইরাস মহামারিতে বাংলাদেশে সরাসরি বিদেশি বিনিয়োগে (এফডিআই) ধস নেমেছে। বাংলাদেশ ব্যাংক বিদায়ী অর্থবছরের ১১ মাসের (জুলাই-মে) বিদেশি বিনিয়োগের যে তথ্য প্রকাশ করে, তাতে এই করুণ চিত্রই দেখা যায়।
গত বছর বাংলাদেশে সরাসরি বিদেশি বিনিয়োগ তার আগের বছরের অর্ধেকে নেমে আসার পর এবার তাতে আরও অধঃগতির আশঙ্কা করা হচ্ছিল। গত ১৬ জুন জাতিসংঘের বাণিজ্য ও বিনিয়োগ সংস্থা আঙ্কটাড বিশ্ব বিনিয়োগ প্রতিবেদনে দেখিয়েছিল, গত বছর (ক্যালেন্ডার বছর) বাংলাদেশে সরাসরি বিদেশি বিনিয়োগ এসেছে তার আগের বছরের অর্ধেকের কম। বাংলাদেশ ব্যাংকের প্রকাশিত তথ্যে দেখা যাচ্ছে, গত ১১ মাসে বিভিন্ন খাতে সবমিলিয়ে ৩৭২ কোটি ৮০ লাখ ডলার এফডিআই এসেছে, যা আগের অর্থবছরের একই সময়ের চেয়ে ১৪ শতাংশ কম।

অর্থনৈতিক কর্মকাণ্ডে খাতওয়ারি গাইডলাইন তৈরির সুপারিশ

করোনাভাইরাস মহামারীর মধ্যে 'সাধারণ ছুটি' তুলে নেওয়ার পর অর্থনৈতিক কর্মকাণ্ড চালু করার প্রেক্ষাপটে খাতভিত্তিক গাইডলাইন তৈরি ও তা কঠোরভাবে বাস্তবায়নের সুপারিশ করা হয় একটি গবেষণা প্রতিবেদনে। বেসরকারি 'ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব)' সেন্টার ফর এন্টারপ্রাইজ অ্যান্ড সোসাইটির করা ওই গবেষণায় ধাপে ধাপে অর্থনীতি খুলে দেওয়ার সুপারিশও করা হয়। একইসঙ্গে করোনাভাইরাসের কারণে ঝুঁকিতে থাকা জীবন-জীবিকার সমন্বয় সাধনের ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডকে চারটি ভাগে ভাগ করে সে অনুযায়ী পদক্ষেপের সুপারিশ করা হয় ওই গবেষণা প্রতিবেদনে। গবেষকরা 'বাংলাদেশের অর্থনীতি পুনরায় চালু: ফ্রেমওয়ার্কের সন্ধানে' শীর্ষক ওই গবেষণায় বিভিন্ন প্রতিষ্ঠানের করা অর্থনৈতিক তথ্য-উপাত্ত বিশ্লেষণের পাশাপাশি উদ্যোক্তা, ব্যবসায়ী, বিশ্লেষক ও গবেষকসহ বিভিন্ন খাতের একশজন নেতৃস্থানীয় ব্যক্তির সাক্ষাৎকার নেওয়া হয়।

এক্সচেঞ্জ সংবাদ

জাতীয় বাজেট ২০২০-২১ পরবর্তী সিএসই সংবাদ সম্মেলন

জুন ১৭, ২০২০ (অনলাইন): সিএসই চেয়ারম্যান জনাব আসিফ ইব্রাহিম পোস্ট বাজেট ভিডিও কনফারেন্সে নিম্নোক্ত বক্তব্য পেশ করেন:

প্রিয় প্রিন্ট মিডিয়া এবং ইলেক্ট্রনিক সংবাদ মাধ্যমের সদস্যবৃন্দ, আসসালামুআলাইকুম।

জন্ম শত বার্ষিকীতে আমরা গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি জনগণ অন্তঃপ্রাণ, আজীবন সংগ্রামী নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে। আমরা শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে যিনি সাধারণ মানুষের অর্থনৈতিক মুক্তি এবং তাদের জীবনমানের উন্নয়নসহ সকলের মৌলিক অধিকার প্রতিষ্ঠা করতে আলোকবর্তিকা নিয়ে জাতির পিতার দেখানো পথে দেশের মানুষের জন্যে অবিরাম কাজ করে যাচ্ছেন, যিনি দেশে প্রাণঘাতী কোভিড-১৯ নোভেল করোনা ভাইরাসের প্রার্দুভাবের শুরু থেকে তার সুযোগ্য নেতৃত্ব এবং সুচিন্তিত পরিকল্পনার মাধ্যমে দেশের সকল মানুষকে সাথে নিয়ে নিরলস কাজ করে যাচ্ছেন। মাননীয় প্রধানমন্ত্রীকে জানাই আন্তরিক ধন্যবাদ।

আপনারা জানেন, মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল বিগত ১১ জুন মহান জাতীয় সংসদে আগামী ২০২০-২০২১ অর্থবছরের বাজেট ঘোষণা করেছেন।

বিশ্ব মহামারি কোভিড-১৯ নভেল করোনা ভাইরাসের এই ক্রান্তিকালে দাঁড়িয়ে দেশের অর্থনৈতিক উত্তরণ ও ভবিষ্যৎ পথ পরিক্রমা শিরোনামে যে বাজেট অর্থমন্ত্রী মহোদয় অত্যন্ত প্রজ্ঞা এবং সাহসের সাথে উপস্থাপন করেছেন তার জন্য চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-এর পক্ষ থেকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এই বাজেট জনজীবন সুরক্ষা, কর্মসংস্থান বৃদ্ধি, শিল্প, ব্যবসাবাণিজ্য ও অর্থনৈতিক চাকা সচল করবে বলে আমরা আশা করছি। সার্বিক পুঁজিবাজারের উন্নয়নে অনেকগুলো বিষয় গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে এই বাজেটে। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্ব এবং সুদক্ষ পরিচালনায় কোভিড-১৯ এর ভয়াবহতা কাটিয়ে পুঁজিবাজারের উন্নয়ন ও গতিশীলতা বৃদ্ধি পাবে বলে আমরা আশা করছি।

বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তর করার যে রূপকল্প সরকারের রয়েছে তাতে ব্যাপকভাবে বেসরকারী পুঁজি সঞ্চালন প্রয়োজন। আর এ লক্ষ্য পূরণের জন্য পুঁজিবাজার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। শুধুমাত্র ব্যাংক ঋণ নির্ভর বেসরকারী বিনিয়োগ এবং পুঁজি সঞ্চালন একদিকে যেমন ব্যাংক ব্যবস্থার দুর্বলতা তৈরি করে অন্যদিকে পুঁজিবাজারের বিকাশেও প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এই পরিপ্রেক্ষিতে পুঁজিবাজারের টেকসই উন্নয়ন এবং গুণগত সম্প্রসারণের জন্য ব্যাপক কৌশল প্রণয়ন করা প্রয়োজন। এই প্রক্রিয়ার অংশ হিসেবে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড অনেকগুলো প্রস্তাবনা জাতীয় রাজস্ব বোর্ডের নিকট উপস্থাপন করে। সিএসইর প্রস্তাবনার বিষয়গুলো পুনর্বিবেচনার জন্য আপনাদের মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

১. ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেটে তালিকাভুক্ত এবং অ-তালিকাভুক্ত কোম্পানির মধ্যকার কর ব্যবধান বিদ্যমান ১০ শতাংশ থেকে কমিয়ে সাড়ে ৭ শতাংশ নির্ধারণের প্রস্তাব করা হয়েছে। এ ব্যবধান কমানোর কারণে ভবিষ্যতে পুঁজিবাজারে তালিকাভুক্তির ক্ষেত্রে কোম্পানিগুলো আরো নিরুৎসাহিত হবে বলে আমরা মনে করছি। আমরা অ-তালিকাভুক্ত কোম্পানির পাশাপাশি তালিকাভুক্ত কোম্পানির কর হার ২৫% থেকে কমিয়ে ২০% করার জন্য অনুরোধ করছি। এতে ভালো কোম্পানিসমূহ

পুঁজিবাজারে তালিকাভুক্ত হতে উৎসাহিত হবে যা পুঁজিবাজারকে সমৃদ্ধ করবে এবং স্বচ্ছ কর্পোরেট রিপোর্টিং-এর মাধ্যমে রাজস্ব আদায়ও বৃদ্ধি পাবে।

২. বাজেটে অর্থমন্ত্রী মহোদয় পুঁজিবাজারে অপ্রদর্শিত অর্থ বিনিয়োগের সুযোগ দেয়ার কথা বলেছেন। এক্ষেত্রে ১০ শতাংশ কর পরিশোধ করে পুঁজিবাজারে তিন বছরের জন্য এ অর্থ বিনিয়োগ করা হলে আয়কর কর্তৃপক্ষসহ সরকারের অন্য কোন কর্তৃপক্ষ এ বিষয়ে কোন প্রশ্ন করবে না। এ বছরের ১ জুলাই থেকে আগামী বছরের ৩০ জুন পর্যন্ত ব্যক্তিশ্রেণীর করদাতারা পুঁজিবাজারে অপ্রদর্শিত অর্থ বিনিয়োগের সুযোগ পাবেন।

ব্যক্তিশ্রেণীর করদাতা বিনিয়োগকারীদের জন্য এটি নিঃসন্দেহে একটি ইতিবাচক পদক্ষেপ। তবে নূন্যতম তিন বছরের মধ্যে বিনিয়োগ প্রত্যাহার না করার শর্তটি তুলে দেয়ার জন্য আমরা মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যা ব্যক্তিশ্রেণীর করদাতাদেরকে পুঁজিবাজারে বিনিয়োগে আরো উৎসাহিত করবে*।

৩. দেশের বন্ড মার্কেটকে শক্তিশালী করার জন্য ২০২০-২০২১ অর্থবছরে প্রস্তবিত বাজেটে বন্ডের সুদ ও বাট্টার ওপর উৎসে কর এবং লেনদেন মূল্যের ওপর উৎসে কর সমন্বয়ের প্রস্তাব করেছেন মাননীয় অর্থমন্ত্রী যা পুঁজিবাজারে বন্ডের লেনদেন বাড়াবে বলে আমরা মনে করছি। দীর্ঘমেয়াদী অর্থায়নে একটি শক্তিশালী বন্ড মার্কেট বিকশিত হলে সরকারি ও বেসরকারি খাতের বড় প্রকল্পে অর্থায়নের নতুন ক্ষেত্র ও সুযোগ তৈরি হবে বলে আমরা আশা করছি। এর পরিপ্রেক্ষিতে বিনিয়োগকারীদের কাছে বন্ড মার্কেটকে আরো আকর্ষণীয় করার জন্য অর্থমন্ত্রী মহোদয় বন্ডের সুদ ও বাট্টা পরিশোধ করার সময় উৎসে কর কর্তনের বিধান রহিত করে সুদ ও বাট্টা পরিশোধ করার সময় উৎসে কর কর্তনের প্রস্তাব করেছেন। তাছাড়া বন্ড লেনদেনের জন্য বর্তমান বিধান অনুসারে লেনদেন মূল্যের ওপর উৎসে কর কর্তনের পরিবর্তে লেনদেনর জন্য পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) নির্ধারিত কমিশনের ওপর উৎসে কর কর্তনের প্রস্তাব করা হয়েছে যা বন্ড মার্কেটের বিকাশ ত্বরান্বিত করতে সহায়তা করবে বলে আমরা আশা করছি।

৪. আগামী অর্থবছরের বাজেটে অর্থমন্ত্রী মহোদয় ব্যক্তিশ্রেণীর করদাতাদের জন্য ছাড় দেয়ার প্রস্তাব করেছেন। আবার কর আদায়ে বাড়তি কিছু উদ্যোগও নিয়েছেন। বাজেটে ব্যক্তিশ্রেণীর করদাতাদের করমুক্ত আয়সীমা বৃদ্ধি করে ৩ লক্ষ টাকা করা হয়েছে। আবার করহারও কমানোর প্রস্তাব করা হয়েছে। আগে সর্বনিম্ন কর হার ছিল ১০ শতাংশ। এবার কর হার ৫ শতাংশ করার প্রস্তাব করেছেন। তাছাড়া করহারও পুনর্বিন্যাসের প্রস্তাব করা হয়েছে যা ব্যক্তিশ্রেণীর করদাতাদের পুঁজিবাজারে বিনিয়োগে আরো উৎসাহিত করবে বলে আমরা মনে করি।

এছাড়াও কোন করদাতা অনলাইনে বার্ষিক রিটার্ন জমা দিলে ২ হাজার টাকা কর ছাড় পাবেন যা ওই করদাতা একবারই পাবেন। এতে করদাতারা ঘরে বসেই অনলাইন রিটার্ন দিতে উৎসাহিত হবেন।

৫. নতুন তালিকাভুক্ত কোম্পানিসমূহের আয় তিন বছর করমুক্ত রাখা হলে অ-তালিকাভুক্ত কোম্পানিসমূহ তালিকাভুক্ত হতে উৎসাহিত হবে। এতে পুঁজিবাজারে গুণগত মানসম্পন্ন শেয়ারের যোগান বাড়বে যা বাজারে লেনদেন বৃদ্ধি ও স্থিতিশীলতা আনয়নে ভূমিকা পালন করবে।

৬. এডিবি ও বাংলাদেশ সরকারের মধ্যে সম্পাদিত ঋণ চুক্তির হিসেবে প্রণীত ডিমিউচ্যুয়ালাইজেশন আইন দ্রুত বাস্তবায়নের মাধ্যমে আমরা উল্লেখযোগ্য ভূমিকা রেখেছি। ডিমিউচ্যুয়ালাইজেশন প্রক্রিয়া বাস্তবায়নে সরকারও আমাদের সার্বিক সহযোগিতা প্রদান করে আসছে।

বর্তমানে সিএসই ক্রমহ্রাসমান হারে আয়কর প্রদান করে, যা এই অর্থবছরে শেষ হবে। এক্সচেঞ্জ ডিমিউচ্যুয়ালাইজেশন আইন ২০১৩ এর বিধান অনুযায়ী মোট ইস্যুকৃত শেয়ারের শতকরা পঁচিশ ভাগ কৌশলগত বিনিয়োগকারীর নিকট বিক্রয় করতে হবে। সিএসই এখনো আইন অনুযায়ী কৌশলগত বিনিয়োগকারী নির্ধারণ করতে পারেনি। কৌশলগত বিনিয়োগকারীর নিকট শেয়ার বিক্রয়ের জন্য চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জকে (সিএসই) পাঁচ বছরের জন্য কর অব্যাহতির সুবিধা দেয়া হলে ডিমিউচ্যুয়ালাইজেশন আইন অনুযায়ী কৌশলগত বিনিয়োগকারী পেতে সহায়ক হবে এবং একই সাথে তুলনামূলক ছোট এক্সচেঞ্জ হিসেবে দেশের পুঁজিবাজারে যথাযথ ভূমিকা পালনে সক্ষম হবে।

৭. স্টক ব্রোকারদের উৎসে কর কর্তনের হার পুনঃনির্ধারণের জন্য বারংবার অনুরোধ সত্ত্বেও এই হার পূর্ববর্তী ০.০৫% বহাল রাখা হয়েছে। অধিকাংশ ব্রোকারেজ হাউজ বর্তমানে লোকসানী প্রতিষ্ঠানে পরিবর্তিত হওয়া সত্ত্বেও এসকল ব্রোকারেজ হাউজগুলো থেকে বর্ধমান হারে কর আদায় আয়করের মৌলিক নীতিরও পরিপন্থী বলে আমরা মনে করি। বিদ্যমান পরিস্থিতিতে স্টক ব্রোকারদের উৎসে কর কর্তনের হার ২০০৬ সালে চালুকৃত হারে অর্থাৎ ০.০১৫%-এ পুনঃনির্ধারণের জোর দাবি জানাচ্ছি।

৮. প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের মধ্যে বিনিয়োগ আগ্রহ সৃষ্টি করার লক্ষ্যে বর্তমানে মূলধনী লাভের উপর কর হার ১০% থেকে কমিয়ে ৭.৫০% নির্ধারণ করা। আমাদের প্রত্যাশা থাকবে প্রস্তাবিত বাজেট চূড়ান্তকরণের প্রাক্কালে আমাদের বক্তব্যগুলো পুনঃবিবেচনা এবং অন্তর্ভুক্ত করা হবে।

পরিশেষে সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সবাই ভালো থাকবেন এবং সুস্থ থাকবেন।

*সিএসইর এই দাবির প্রতি সম্মান প্রদর্শন করে ন্যূনতম তিন বৎসরের স্থলে ১ (এক) বৎসর করা হয়েছে। এ জন্যে সিএসই মাননীয় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছে।

জাতীয় বাজেটে সিএসইর প্রত্যাশা

(বাজেট ঘোষণার প্রাক্কালে)

জুন ০৯, ২০২০ ঢাকা: সিএসইর চেয়ারম্যান আসিফ ইব্রাহিম আসন্ন জাতীয় বাজেটকে কেন্দ্র" করে নিম্নোক্ত বিষয়গুলোর ব্যাপারে প্রত্যাশা ব্যক্ত করেন:

১. কর্পোরেট করহার-এর পুনর্বিন্যাস: তালিকাভুক্ত কোম্পানির করহার (কর্পোরেট কর হার) শতকরা ২৫ ভাগ থেকে কমিয়ে ২০ ভাগ করা যেতে পারে। এতে করে যেসব কোম্পানী লিস্টেড নয় তারা পুঁজিবাজারে আসতে অনুপ্রাণিত হবে।

২. ব্যক্তি শ্রেণীর করদাতাদের করমুক্ত লভ্যাংশের সীমা বৃদ্ধিকরণ: করমুক্ত লভ্যাংশের সীমা ৫০,০০০ থেকে ১,০০,০০০ এ উন্নীত করা যেতে পারে।

৩. ব্যক্তি শ্রেণীর করদাতাদের করমুক্ত আয়সীমা বৃদ্ধিকরণ: ব্যক্তি শ্রেণীর করদাতাদের করমুক্ত আয়সীমা ২,৫০,০০০ থেকে ৩,৫০,০০০ এ নেয়া যেতে পারে।

৪. এসএমই কোম্পানির জন্যে নতুন করহার নির্ধারণ: নতুন যেসব কোম্পানি শেয়ার মার্কেটে আসবে তাদের জন্যে প্রথমেই কর প্রদানে বাধ্য না করে প্রথম তিন বছরের জন্য শূন্য করে দেয়া যেতে পারে এবং পরবর্তীতে শতকরা ১৫ ভাগ হারে কর আরোপ করা যেতে পারে। কারণ আমাদের উদ্দেশ্য মার্কেটের গভীরতা বৃদ্ধি এবং ব্যাংকের উপর নির্ভরতা কমিয়ে শেয়ার বাজারে যেন নতুন ভালো ভালো কোম্পানি আসে সে ব্যাপারে অনুপ্রেরণা দেওয়া এবং সে জন্যে কাজ করা।

এছাড়াও জব নিরাপত্তার (প্রোটেকশনের) জন্যে যেহেতু কোভিড-উত্তর অর্থনীতিতে ম্যানুফ্যাকচারিং খাতে জব হারানোর সম্ভাবনা আছে তাই সেসব ক্ষেত্রে যেসব কোম্পানির জব রিট্রেন্সম্যান্ট করবে না তাদেরকে কিছু ইনসেনটিভ এবং ট্যাক্স কনসেশন-এর ব্যবস্থা করা যেতে পারে।

সিএসইর "হাই ফ্লো হিটেড রেস্পিরেটোরি হিউমিডিফাইয়ার" মেশিন প্রদান

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে

২ জুলাই ২০২০ চট্টগ্রাম: বর্তমানে করোনা মহামারিকালীন সময়ে প্রথম থেকেই চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল করোনায় আক্রান্ত

সাধারণ রোগীদের চিকিৎসা সেবা দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, সিএসই বোর্ড-এর সম্মানিত পরিচালকবৃন্দ এবং সিএসই ব্রোকারেজ হাউজগুলোর সম্মানিত মালিকগণ মানবিক এই কার্যক্রমের অংশীদার হওয়ার জন্য ২টি "হাই ফ্লো হিটেড রেস্পিরেটোরি হিউমিডিফাইয়ার" মেশিন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে প্রদান করেছে। সিএসইর ব্যবস্থাপনা

পরিচালক মামুন-উর-রশিদ সিএসইর প্রধান কার্যালয়ে উক্ত হাসপাতালের ভাইস প্রেসিডেন্ট সৈয়দ মোহাম্মদ মোর্শেদ হোসাইন-এর কাছে মেশিন দুটি হস্তান্তর করেন। এই মেশিন দুটি করোনাক্রান্তসহ অন্যান্য রোগীদের সেবার জন্যে অত্যন্ত প্রয়োজনীয়।

উক্ত অনুষ্ঠানে জনাব মামুন বলেন "সিএসই বোর্ড-এর সম্মানিত পরিচালকবৃন্দ এবং সিএসই ব্রোকারেজ হাউজগুলোর সম্মানিত মালিকদের উদ্যোগে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এই কার্যক্রমের সাথে যুক্ত হতে পেরে খুবই আনন্দিত। পূর্ববর্তী সময়েও সিএসই সামাজিক দায়বদ্ধতা থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পাশে দাঁড়িয়েছে।" এ সময় আরো উপস্থিত ছিলেন মা ও শিশু হাসপাতালের ড: লায়ন সানাউল্লাহ, নির্বাহী সদস্য ইঞ্জিনিয়ার জাবেদ আবছার চৌধুরী, ডোনার সদস্য ড: আশরাফুল করিম, উপ-পরিচালক, প্রশাসন এবং সিএসইর পক্ষে ছিলেন শামসুর রহমান, সিআরও; তিনজন ডিজিএম মেজবাহ উদ্দিন, সোনিয়া হোসেন ও মর্তুজা আলম এবং ম্যানেজার মোঃ মিনহাজ উদ্দিন।

বাংলাদেশ ইন্সটিটিউট অব ট্রপিক্যাল অ্যান্ড ইনফেকশাস ডিজিজেসকে

৭ জুলাই ২০২০ চট্টগ্রাম: বাংলাদেশ ইন্সটিটিউট অব ট্রপিক্যাল অ্যান্ড ইনফেকশাস ডিজিজেস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বনামধন্য একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠাকালীন সময় থেকেই দীর্ঘ ৮ বছর যাবৎ এই প্রতিষ্ঠানটি জনগণের সেবায় কাজ করে আসছে। বর্তমানে করোনা মহামারিকালীন সময়ে প্রথম থেকেই এই প্রতিষ্ঠান করোনায় আক্রান্ত সাধারণ রোগীদের করোনা পরীক্ষা ও চিকিৎসা সেবা দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, সিএসই বোর্ড এর সম্মানিত পরিচালকবৃন্দ এবং সিএসই ব্রোকারেজ হাউজগুলোর সম্মানিত মালিকগণ মানবিক এই কার্যক্রমের অংশীদার হওয়ার জন্য ১টি "হাই ফ্লো হিটেড রেস্পিরেটোরি হিউমিডিফাইয়ার" মেশিন করোনা রোগীসহ অন্যান্য রোগীদের সেবায় প্রদান করেছে ।

সিএসই অন্যতম ব্যবস্থাপক মিনহাজ উদ্দিন আহমেদ উক্ত প্রতিষ্ঠানের পরিচালক প্রফেসর ডঃ এম এ হাসান চৌধুরীর কাছে মেশিনটি হস্তান্তর করেন। এই মেশিনটি করোনা রোগীসহ অন্যান্য রোগীদের সেবার জন্য অত্যন্ত প্রয়োজনীয়।

সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজকে

১১ জুলাই ২০২০: সিএসইর পক্ষে সিলেট জেলার দায়িত্ব প্রাপ্ত সচিব লোকমান হোসেন মিয়া সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ ইউনূসুর রহমানের কাছে মেশিনটি হস্তান্তর করেন। এ সময় সিলেট বিভাগীয় কমিশনার মোঃ মশিউর রহমান এনডিসি, সিলেট জেলা প্রশাসক কাজী এম এমদাদুল ইসলাম, সিএসই সিলেট অফিসের ইন-চার্জ নাজিম বিন নজরুল, ZATL সিকিউরিটিজ লিঃ-এর চেয়ারম্যান জিয়াউল হক এবং পররাষ্ট্র মন্ত্রীর পিও শফিউল আলম জুয়েল উপস্থিত ছিলেন।

সিএসই শরিয়াহ্ ইনডেক্স-এ অন্তর্ভুক্ত কোম্পানিগুলো সমন্বয়

জুন ১৬, ২০২০: সিএসইতে তালিকাভুক্ত কোম্পানিগুলোর পারফরম্যান্স পর্যালোচনার ভিত্তিতে সিএসই শরিয়াহ্ ইনডেক্স চূড়ান্ত করা হয়। নতুন ১৫টি কোম্পানিকে যুক্ত করা হয় এবং পূর্বের ০৯টি কেম্পানি বাদ পড়ে। মোট ১৩২টি কোম্পানিকে অন্তর্ভুক্ত করা হয়। এটি কার্যকর হয় ২৮ জুন ২০২০ থেকে।

নতুন করে যুক্ত (১৫টি) কোম্পানি হলো: এসিআই ফরমুলেশনস লিমিটেড, এডিএন টেলিকম লিমিটেড, বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস্ লিমিটেড, কপারটেক ইন্ডাস্ট্রিজ লিঃ, জিকিউ বল পেন ইন্ডাস্ট্রিজ লিমিটেড, জেএমআই সিরিঞ্জ অ্যান্ড মেডিকেল ডিভাইসেস লিঃ, খুলনা প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং লিমিটেড, ওইমেক্স ইলেকট্রোড লিমিটেড, রংপুর ফাউন্ড্রি লিমিটেড, রিং সাইন টেক্সাইলস লিঃ, রানার অটোমোবাইলস লিমিটেড, এস.এস. স্টীল লিমিটেড, সাইয়াম কটন মিলস্ লিঃ, সিলকো ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড এবং সামিট এলায়েন্স পোর্ট লিমিটেড।

বাদ যাওয়া (০৯) কোম্পানিগুলো হলো: ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ., ন্যাশনাল টি কোম্পানি লিঃ, বিডিকম অনলাইন লিমিটেড, সিনোবংলা ইন্ডাস্ট্রিজ লিমিটেড, স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ, বাংলাদেশ সাবমেরিন কেবল কোঃ লিঃ, আর এন স্পিনিং মিলস্ লিমিটেড, স্কয়ার টেক্সটাইলস্ লিঃ এবং শাশা ডেনিমস্ লিমিটেড।

লেনদেন সময়সূচির পরিবর্তন

দেশের ব্যাংকিং কার্যক্রম স্বাভাবিক শিডিউলে ফিরে আসায় সিএসই ব্যবস্থাপনা লেনদেনের ক্ষেত্রে নর্মাল শিডিউল/সময়সূচি পুনঃপ্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করে। ০৮ জুলাই '২০ থেকে সিএসইতে লেনদেন সময়সূচি হয় সকাল ১০:৩০ থেকে দুপুর ২:৩০।

এর আগে গত ১৫ জুন ২০২০ তারিখে বাংলাদেশে ব্যাংকের নির্দেশনার পরিপ্রক্ষিতে ব্যাংকিং সেবার সময় পরিবর্তনের কারণে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর লেনদেনের সময়সূচি পরিবর্তন করা হয়। নতুন সময়সূচি অনুযায়ী ১৮ জুন ২০২০ থেকে লেনদেনের সময়সূচি হয় সকাল ১০:০০ মিনিট থেকে দুপুর ১:০০ মিনিট পর্যন্ত। এই সময়সূচি পরবর্তী নির্দেশ আসা পর্যন্ত অব্যাহত থাকবে বলে বলা হয়। পুঁজিবাজারের সার্বিক পরিস্থিতি বিবেচনা করে এই সিদ্ধান্ত নেওয়া হয়। একই সাথে বিনিয়োগকারীদের মোবাইল ও অনলাইনের মাধ্যমে লেনদেন-এর জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়।

কর্পোরেট সংবাদ

Credit Rating

BRACBANK: Emerging Credit Rating Limited (ECRL) has informed that it has assigned surveillance credit rating to BRAC Bank Limited as "AA+" in the long term and "ST-1" in the short term along with a stable outlook in consideration of its audited financials up to December 31, 2019, unaudited financials up to March 31, 2020 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

SHAHJABANK: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Surveillance Rating of Shahjalal Islami Bank Limited as "AA2" in the long term and "ST-2" in the short term along with a stable outlook in consideration of audited financial statements of the Company as of December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

SAIHAMTEX: National Credit Ratings Limited (NCR) has announced the Surveillance Rating of Saiham Textiles Mills Limited as "AA" in the long term and "ST-2" in the short term along with a developing outlook based on audited financial statements of the Company as on June 30, 2019.

EXIMBANK: Credit Rating Information and Services Limited (CRISL) has rated EXIM Bank Limited as "AA-" in the long term and "ST - 2" in the short term along with a developing outlook based on audited financial statements of the Company up to December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

ONEBANKLTD: Emerging Credit Rating Ltd. (ECRL) has assigned the surveillance rating to ONE Bank Ltd. as "AA" in the long term and "ST-2" in the short term along with a Stable outlook of the Company based on audited financial statements up to December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

NCCBANK: Emerging Credit Rating Ltd. (ECRL) has assigned the Surveillance rating to NCC Bank Limited as "AA" in the long term and "ST-1" in the short term along with a stable outlook of the Company based on audited financial statements up to December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

EBL: Credit Rating Information and Services Limited (CRISL) has rated Eastern Bank Limited as "AA+" in the long term and "ST-1" in the short term along with a Developing outlook in consideration of its audited financials up to December 31, 2019, un-audited financials up to March 31, 2020 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

BAYLEASING: Emerging Credit Rating Limited (ECRL) has assigned the surveillance rating of Bay Leasing & Investment Ltd.as "A" in the long term and "ST-2" in the short term along with a Stable outlook based on un-audited financial statements of the Company up to December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

AFTABAUTO: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the Entity Rating (Surveillance) of Aftab Automobiles Ltd. as "AA3" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2019; bank liability position as on December 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

